



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ৬২/২১

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
০৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ


### প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি) এর ০১ জন এজাহার নামীয় পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ০৮ মার্চ ২০২১ তারিখ আনুমানিক দুপুর ১৪.২৩ ঘটিকার সময় অভিযান চালিয়ে নারায়ণগঞ্জ জেলার দেওভোগ থেকে আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি) এর ০১ সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্য হলো: শেখ মোঃ ইমরান হোসেন (৩৩), পিতা- শেখ মোঃ ইসমাঈল হোসেন, মাতা- মোছাঃ নাছিমা বেগম, গ্রাম- এল এন এ রোড, থানা- নারায়ণগঞ্জ সদর, জেলা- নারায়ণগঞ্জ। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১ টি অ্যান্ড্রয়েড মোবাইল সেট, ০১ টি সিম কার্ড ও চ্যাটিং এর স্ক্রিনশট জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামী শেখ মোঃ ইমরান হোসেন আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি) এর সক্রিয় সদস্য। গ্রেফতারকৃত আসামী 'গাজওয়াতুল হিন্দ' প্রতিষ্ঠার লক্ষ্যে অনলাইনে জঙ্গিবাদ প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। তারা সাধারণ মানুষের মধ্যে ধর্মীয় উগ্রবাদী মতাদর্শ প্রচার ও আতংক সৃষ্টির মাধ্যমে দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি এবং নাশকতার জন্য পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রস্তুতি নেয়ার জন্য সিকিউরড এ্যাপস এর মাধ্যমে নিজেদের মধ্যে চ্যাটিং চালিয়ে যাচ্ছিল।

গ্রেফতারকৃত শেখ মোঃ ইমরান হোসেন (৩৩) নরসিংদী জেলার রায়পুর থানার মামলা নং- ০৬, তারিখঃ ১০/০২/২০২১ খ্রিঃ, ধারা সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৬ (২)(আ)/৮/৯(৩)/১২/১৩ এর এজাহারনামীয় পলাতক আসামী।

  
০৮/০৩/২০২১

(মোহাম্মদ আসলাম খান)  
পুলিশ সুপার  
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)  
এন্টি টেররিজম ইউনিট,  
বাংলাদেশ পুলিশ, ঢাকা।